



গাইবান্ধায় ছিনতাই সন্দেহে গণপিটুনিতে দুইজন নিহত



সংগৃহীত ছবি

গাইবান্ধার সাদুল্লাপুরে ছিনতাইয়ের অভিযোগকে কেন্দ্র করে স্থানীয় জনতার মারধরে দুই অজ্ঞাত ব্যক্তি প্রাণ হারিয়েছেন। শনিবার সকাল সাড়ে ১১টার দিকে বিষয়টি নিশ্চিত করেন সাদুল্লাপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আব্দুল আলিম।

পুলিশ জানায়, ছিনতাইয়ের সময় হাতেনাতে আটক করার পর উত্তেজিত জনতা ওই দুজনকে মারধর করে। খবর পেয়ে পুলিশ দ্রুত ঘটনাস্থলে গিয়ে তাদের মরদেহ উদ্ধার করে থানায় নিয়ে আসে।

ঘটনাস্থল থেকে একটি মোটরসাইকেল জব্দ করা হয়েছে। সেটির মালিকানা যাচাই করা হচ্ছে। নিহতদের পরিচয় এখনো জানা যায়নি। পরিচয় শনাক্ত ও ঘটনার বিস্তারিত জানতে তদন্ত চলছে বলে জানিয়েছে পুলিশ।

LENS ASIA